



গুগলকে জরিমানা করায় ইইউকে শুল্ক বাড়ানোর হুমকি ট্রাম্পের



সংগৃহীত ছবি

গুগলের বিরুদ্ধে প্রতিযোগিতাবিরোধী কার্যক্রমের অভিযোগে ইউরোপীয় কমিশনের জরিমানার পরিপ্রেক্ষিতে ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি ইউরোপীয় ইউনিয়নের ওপর নতুন করে শুল্ক আরোপের হুমকি দিয়েছেন। গুগল এই জরিমানাকে অযৌক্তিক দাবি করে আপিলের ঘোষণা দিয়েছে।

ইউরোপীয় কমিশন সম্প্রতি অনলাইন বিজ্ঞাপন প্রযুক্তিতে প্রভাব খাটিয়ে প্রতিযোগিতা আইন ভঙ্গের অভিযোগে গুগলকে ২ দশমিক ৯৫ বিলিয়ন ইউরো (প্রায় ২৯৫ কোটি ইউরো) জরিমানা করেছে। কমিশনের অভিযোগ, বিজ্ঞাপন স্থাপন ও কনটেন্ট বাছাইয়ের ক্ষেত্রে নিজেদের পণ্যকে অগ্রাধিকার দিয়ে বাজারে প্রতিযোগিতায় বাধা সৃষ্টি করেছে গুগল।

গুগল অবশ্য এই রায়কে ভুল আখ্যা দিয়ে জানিয়েছে, তারা আপিল করবে। সংস্থাটির গ্লোবাল রেগুলেটরি অ্যাফেয়ার্স প্রধান লি-অ্যান মুলহল্যান্ড বলেছেন, এই জরিমানা অযৌক্তিক এবং প্রস্তাবিত পরিবর্তন ইউরোপের হাজার হাজার ব্যবসার জন্য টিকে থাকা কঠিন করে তুলবে।

অন্যদিকে, গুগলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। সামাজিক মাধ্যম টুথ সোশ্যালের দেওয়া এক পোস্টে তিনি অভিযোগ করেন, ইইউ মার্কিন কোম্পানিগুলোর সঙ্গে বৈষম্যমূলক আচরণ করেছে। ট্রাম্প সতর্ক করে বলেন, ইউরোপীয় পণ্যের ওপর নতুন করে শুল্ক আরোপের পথ নিতে পারে যুক্তরাষ্ট্র।

উল্লেখ্য, গুগলের বিরুদ্ধে ইউরোপীয় ইউনিয়নের এটাই প্রথম শাস্তিমূলক ব্যবস্থা নয়। এর আগে ২০১৮ সালে অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেম ব্যবহার করে বাজারে আধিপত্য বিস্তারের অভিযোগে ৪ দশমিক ৩৪ বিলিয়ন ইউরো জরিমানা করেছিল ইইউ।